গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক অনুবিভাগ
শের-ই-বাংলানগর, ঢাকা
www.erd.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে ২২৫৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলারের ৫টি অর্থায়ন চুক্তি স্বাক্ষর

গত ২৯ এপ্রিল ২০২৩ তারিখ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন, ডি.সি. তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে ২২৫৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলারের মোট ৫টি অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ্ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং বিশ্বব্যাংকের পক্ষে Mr. Md. Abdoulaye Seck, কান্ট্রি ডিরেক্টর, বিশ্বব্যাংক, বাংলাদেশ এ অর্থায়ন চুক্তিসমূহে স্বাক্ষর করেন। অর্থায়ন চুক্তিসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ঋণের পরিমাণ |
|---|---|---|
| ১। | Resilient Infrastructure for Adaptation and Vulnerability Reduction Project (RIVER) | ৫০০ মিলিয়ন মার্কিন ডলার |
| ২। | Bangladesh Environmental Sustainability and transformation (BEST) Project | ২৫০ মিলিয়ন মার্কিন ডলার |
| ৩। | Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS)- Bangladesh Phase-1 Project | ৭৫৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলার |
| ৪। | First Bangladesh Green and Climate Resilient Development (GCRD) | ৫০০ মিলিয়ন মার্কিন ডলার |
| ৫। | Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) | ২৫০ মিলিয়ন মার্কিন ডলার |
| | | সর্বমোট ২২৫৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলার |

০১ মে ২০২৩ তারিখে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন, ডি.সি. তে বিশ্বব্যাংকের সদর দপ্তরে আয়োজিত ‘বাংলাদেশ-বিশ্বব্যাংক অংশীদারিত্বের ৫০ বছর উদযাপন’ শীর্ষক বিশেষ অনুষ্ঠানে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং কান্ট্রি ডিরেক্টর, বিশ্বব্যাংক, বাংলাদেশ স্বাক্ষরিত অর্থায়ন চুক্তিসমূহ বিনিময় করেন।




## ১। Resilient Infrastructure for Adaptation and Vulnerability Reduction Project (RIVER)

এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো প্রকল্পের অধীনে সহনশীল ও টেকসই অবকাঠামো নির্মাণের মাধ্যমে অধিক সংখ্যক জনগোষ্ঠীকে বন্যার ক্ষয়ক্ষতি হতে রক্ষা, দুর্যোগ মোকাবেলায় প্রস্তুতি এবং দুর্যোগ প্রশমনে দেশের সক্ষমতার উন্নয়ন। স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হবে। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৮ পর্যন্ত।

## ২। Bangladesh Environmental Sustainability and transformation (BEST) Project

এই প্রকল্পের উদ্দেশ্য হল পরিবেশ ব্যবস্থাপনায় বাংলাদেশ সরকারের সক্ষমতা জোরদার করা এবং দূষণ নিঃসরণ কমানো। এই প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থাগুলি হল পরিবেশ অধিদপ্তর (ডিওই) (লিড এজেন্সি), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (বিএইচটিপিএ)। প্রকল্পটি পাঁচ (০৫) বছরে (জুলাই ২০২৩ থেকে জুন ২০২৮) বাস্তবায়িত হবে।

## ৩। Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS)-Bangladesh Phase-1 Project

এ umbrella প্রকল্পের উদ্দেশ্য হলো বাংলাদেশে দক্ষ ও স্থিতিস্থাপক আঞ্চলিক বাণিজ্য ও পরিবহনের উন্নয়ন করা। বাস্তবায়নকারী সংস্থাগুলো হলো জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), সড়ক ও জনপথ বিভাগ (আরএইচডি) এবং বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ। প্রকল্পটি জুলাই ২০২২ থেকে জুন ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হবে।

## ৪। First Bangladesh Green and Climate Resilient Development (GCRD)

GCRD কর্মসূচিটির মূল লক্ষ্য হ'ল সবুজ ও জলবায়ু সহনশীল উন্নয়নে বাংলাদেশ সরকারকে সহায়তা প্রদান করা। অর্থ বিভাগ এ কার্যক্রমটির জন্য প্রধান বাস্তবায়নকারী সংস্থা। কিছু শর্ত প্রতিপালন সাপেক্ষে আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে এ বাজেট সাপোর্টের অর্থ ছাড় করা হবে।

## ৫। Sustainable Microenterprise and Resilient Transformation (SMART)


SMART প্রকল্পটির প্রধান উদ্দেশ্য জলবায়ু সহিষ্ণু ও অন্তর্ভুক্তিমূলক ক্ষুদ্র ব্যবসা কার্যক্রম প্রসারের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তা প্রদানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা পালন করা। পল্লী কর্ম সহায়ক সংস্থা (পিকেএসএফ) কর্তৃক প্রকল্পটি ২০২৩ থেকে ২০২৮ মেয়াদে বাস্তবায়ন করা হবে।

**ঋণের শর্তাবলি**

পাঁচটি ঋণের মধ্যে চারটি ঋণের অর্থ সম্পুর্ণরূপে Regular IDA হিসেবে পাওয়া যাবে। তবে GCRD বাজেট সাপোর্ট কর্মসূচিটির ৫০০.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণের ১৭৬.০০ মিলিয়ন মার্কিন ডলার Regular IDA এবং বাকি ৩২৪.০০ মিলিয়ন মার্কিন ডলার Short-term Maturity Loan (SML)। Regular IDA ঋণের অর্থ ৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ (ত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের ওপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং ১.২৫% হারে সুদ প্রদান করতে হবে। এছাড়া unwithdrawn financing balance-এর ওপর বার্ষিক সর্বোচ্চ ০.৫০% হারে কমিটমেন্ট ফি দিতে হবে। উল্লেখ্য চলতি অর্থবছরসহ দীর্ঘদিন ধরে বাংলাদেশের জন্য বিশ্বব্যাংক কতৃক কমিটমেন্ট ফি মওকুফ করা হয়েছে।

অন্যদিকে Short-term Maturity Loan (SML) ঋণের অর্থ ৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ১২ (বার) বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের ওপর কোন সার্ভিস চার্জ ও সুদ প্রযোজ্য হবে না।

১৯৭২ সাল হতে বিশ্বব্যাংক বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বিশ্বব্যাংকের সাথে বাংলাদেশের অদ্যাবধি ৩৬৮ টি প্রকল্প/কর্মসূচির অধীনে সর্বমোট ৪০, ৪০৭ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা এবং ৭২২ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।



০১/০৫/২০২৩
মোঃ সাঈদুজ্জামান খান
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ